

সূত্র: সিএআরএএসএস/২০২২/

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৯ বঙ্গা:  
০১ সেপ্টেম্বর ২০২২ খ্রি:

## এ. কে. এম. আব্দুল হামিদ ও বেগম সেলিমা জাহান স্মারক গবেষণা বৃত্তি : ২০২১ দরখাস্ত আহ্বান

এ. কে. এম. আব্দুল হামিদ ও বেগম সেলিমা জাহান স্মারক গবেষণা বৃত্তি তহবিল থেকে বৃত্তি প্রদানের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগে যারা পিএইচ.ডি. পর্যায়ে গবেষণায় নিয়োজিত তাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

এই গবেষণা বৃত্তির জন্য আগ্রহী প্রার্থীকে স্ব স্ব সুপারভাইজার ও সংশ্লিষ্ট অনুষদের (কলা ও সামাজিক বিজ্ঞান) ডিনের সুপারিশক্রমে পরিচালক, উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্র (CARASS) টিএসসি কম্পাউন্ড, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আগামী ২৫.০৯.২০২২ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর জীবন-বৃত্তান্ত, এক কপি ছবি ও গবেষণা প্রস্তাবনা / গবেষণা কর্মের বিষয়বস্তু (সর্বোচ্চ ২ পৃষ্ঠার মধ্যে) সংযুক্ত করতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত যে কোন বিভাগের অধীনে পিএইচ.ডি. পর্যায়ে গবেষণারত প্রার্থী যারা বিভাগীয় একাডেমিক কমিটিতে কমপক্ষে একটি পিএইচ.ডি. সেমিনার প্রদান করেছেন তারা এই বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ থেকে ০১ (এক) জন করে দুই অনুষদের ০২ (দুই) জন পিএইচ.ডি. গবেষককে এই বৃত্তি প্রদান করা হবে।

কমিটি কর্তৃক বাছাইকৃত প্রত্যেক গবেষক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা (দুই কিস্তিতে পরিশোধযোগ্য) গবেষণা বৃত্তি পাবেন। প্রথম কিস্তির (৫০%) টাকা পরিশোধের পর সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কের সুপারিশক্রমে দ্বিতীয় কিস্তির (অবশিষ্ট ৫০%) টাকা ২য় সেমিনার সম্পন্ন করার পর পরিশোধ করা হবে।

স্বা/-

(অধ্যাপক ড. আবদুল বাছির)  
পরিচালক

মেমো নং সিএআরএএসএস/২০২২/১৮১-সি

১৭ ভাদ্র ১৪২৮ বঙ্গা:  
তারিখ: \_\_\_\_\_  
০১ সেপ্টেম্বর ২০২২ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:-

১. ডিন, কলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. সকল বিভাগের চেয়ারম্যান (কলা অনুষদভুক্ত), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. সকল বিভাগের চেয়ারম্যান (সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫. রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৭. পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ)।
৮. উপ-রেজিস্ট্রার (শিক্ষা-৪), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৯. উপ-রেজিস্ট্রার, উপাচার্যের দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয় (মাননীয় উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)।
১০. প্রিন্সিপ্যাল স্টোর অফিসার, কোষাধ্যক্ষের দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয় (মাননীয় কোষাধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য)।
১১. অফিস কপি।

(অধ্যাপক ড. আবদুল বাছির)  
পরিচালক